



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২০/৩৮৪

তারিখ-১৪/০৪/২০২০খ্রিঃ।

প্রাপক

নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ)

ওজোপাড়িকো লিঃ

চুয়াডাঙ্গা।

**বিষয় : পরিমিত ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগত করা যাচ্ছে যে, চুয়াডাঙ্গা পৌর এলাকায় নিম্ন লিখিত সময়ানুযায়ী ১০ (দশ)টি পানির পাম্পের সাহায্যে গ্রাহকদের মধ্যে পানি সরবরাহ করা হয়।

সময় : সকাল ৬.০০-৯.০০টা, দুপুর : ১২.৩০-২.৩০টা, বিকাল : ৪.৪৫-৬.১৫ এবং রাত ৮.৪৫-৯.৩০ পর্যন্ত।

পাম্পের অবস্থান : হাজরাহাটি ফিডারে- ৫টি, হাসপাতাল ফিডারে- ৩টি, কলেজ ফিডারে-১টি এবং বিজিবি ফিডারে- ১টি। বর্তমানে লো-ভোল্টেজের কারণে দুপুরে হাজরাহাটি ফিডারে-৪টি, কলেজ ফিডারে-১টি এবং হাসপাতাল ফিডারে- ১টি এবং রাতে সকল পাম্প চালানো সম্ভব হচ্ছে না। লো-ভোল্টেজে পাম্প চালানোর কারণে ইতোমধ্যে হাজরাহাটি ফিডারে মাস্টার পাড়ার পাম্পটির মটর পুড়ে আপাতত বন্ধ আছে। পৌরসভার স্থাপিত পাইপ লাইন একে-অপরের সাথে সম্পর্কযুক্ত ফলে সকল পাম্প এক সাথে চালনা না করলে পরিমিত ভাবে পানি সরবরাহ হয়না। বর্তমানে চুয়াডাঙ্গা জেলা করোনা ভাইরাসের কারণে লক-ডাউন চলছে। এজন্য উল্লেখিত সময়ে পানি সরবরাহ করা প্রয়োজন।

এমতাবস্থায় জনস্বার্থে পানির সিডিউল টাইমে পরিমিত ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহ এর কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)

মেয়র

চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২০/৩৮৪(২)

তারিখ-১৪/০৪/২০২০খ্রিঃ।

■ অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

২। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।

৩। অফিস কপি।

(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)

মেয়র

চুয়াডাঙ্গা পৌরসভা।